



**2019/TDC/ODD/SEM/BNGGE/
BNGDSC-101T/053**

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

(1st Semester)

Course No. : BNGGE/ BNGDSC-101T

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে উত্তর দেওয়া আবশ্যিক

গুচ্ছ—১

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) কোন্ সময়পর্বকে বাংলা সাহিত্যের প্রাচীন যুগ হিসাবে চিহ্নিত করা হয় ?

(খ) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন কোনটি ?

(গ) 'চর্যাপদ' পুঁথিটি কত সালে আবিষ্কৃত হয় ?



(2)

(ঘ) 'চর্যাপদ'-এর একজন টীকাকারের নাম লেখো।

(ঙ) 'চর্যাপদ'-এর মোট পদকর্তা কতজন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) 'চর্যাপদ' কত সালে, কোথা থেকে প্রকাশ করা হয়?

(খ) 'চর্যাপদ'-এর যে কোনো একজন পদকর্তার নাম লেখো।
'চর্যাপদ'-এ কোন পদকর্তার সবচেয়ে বেশি পদ পাওয়া যায়?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'চর্যাপদ'-এ বর্ণিত সমকালীন বাংলাদেশের সামাজিক ও ভৌগোলিক পরিবেশের পরিচয় লিপিবদ্ধ করো।

গুচ্ছ—২

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার রচনা?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের শেষখণ্ডের নাম কী?

(গ) 'পূর্বরাগ' রসপর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

20J/1086

(Continued)

(3)

(ঘ) কবি গোবিন্দদাসকে কোন কবির ভাবশিষ্য বলা হয়?

(ঙ) প্রাক-চৈতন্যযুগের একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কত সালে আবিষ্কার করেন?

(খ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয়? তাঁর জন্মস্থান কোথায়?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) বৈষ্ণব পদ রচনায় কবি বিদ্যাপতির কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

গুচ্ছ—৩

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

(ক) 'মনসামঙ্গল'-এর আদিকবি কে?

(খ) মুকুন্দ চক্রবর্তীকে 'কবিকঙ্কণ' উপাধি কে দিয়েছিলেন?

20J/1086

(Turn Over)



(4)

(গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যটি আর কী নামে পরিচিত?

(ঘ) 'ধর্মমঙ্গল'-এর শ্রেষ্ঠ কবি কে?

(ঙ) 'অন্নদামঙ্গল' কাব্যে সর্বমোট কয়টি খণ্ড আছে?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) 'মনসামঙ্গল'-এর পূর্ববঙ্গীয় ধারার দুজন কবির নাম উল্লেখ করো।

(খ) 'ধর্মমঙ্গল'-এর দুজন কবির নাম লেখো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'ধর্মমঙ্গল' কাব্য রচনায় কবি ঘনরাম চক্রবর্তীর কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) "নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে
রাজা কৃষ্ণচন্দ্রের আঞ্জায়।"

কবি ভারতচন্দ্র তাঁর কাব্যকে কেন 'নূতন মঙ্গল' বলে অভিহিত করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

20J/1086

(Continued)

(5)

গুচ্ছ—৪

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

(ক) কবি কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলঙ্কার' অভিধায় কে ভূষিত করেছিলেন?

(খ) কৃত্তিবাস কোন শতাব্দীর কবি?

(গ) 'মহাভারত'-এর সবচেয়ে প্রসিদ্ধ বাংলা অনুবাদকের নাম কী?

(ঘ) বাংলায় 'মহাভারত' অনুবাদের ধারায় প্রথম কবি কে?

(ঙ) কাশীরাম দাসের জন্মস্থান কোথায়?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) কৃত্তিবাস ছাড়া বাংলায় আরও দুজন 'রামায়ণ' অনুবাদকের নাম লেখো।

(খ) কৃত্তিবাস ওঝার মা ও বাবার নাম কী?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কৃত্তিবাসী 'রামায়ণ'-এর জনপ্রিয়তার কারণগুলো বিশদভাবে আলোচনা করো।

(খ) বাংলায় 'মহাভারত' অনুবাদে কবি কাশীরাম দাস কতটুকু স্বকীয়তা দেখিয়েছেন, আলোচনা করো।

20J/1086

(Turn Over)



(6)

শুচ্ছ—৫

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো চারটি) : $1 \times 8 = 8$

(ক) “ওরে নবমী নিশি না হইওরে অবসান ।
শুনেছি দারুণ তুমি না রাখ সতের মান ॥”
উদ্ধৃত কবিতা-অংশটি শাক্তপদাবলীর কোন পর্যায়ের
অন্তর্ভুক্ত ?

(খ) শাক্তপদাবলীর একজন কবির নাম উল্লেখ করো ।

(গ) ‘লোরচন্দ্রাণী’ বা ‘সতীময়না’ কার রচনা ?

(ঘ) সৈয়দ আলাওল কোন রাজসভার সভাকবি ছিলেন ?

(ঙ) ‘পদ্মাবতী’ কাব্যটি কোন গ্রন্থের অনুবাদ ?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) আগমনী কাকে বলে ?

(খ) রাজসভার সাহিত্য বলতে কী বোঝো ?

(7)

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘আগমনী’ ও ‘বিজয়া’ শীর্ষক পদগুলোতে তৎকালীন
বাঙালির সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা
সংক্ষেপে আলোচনা করো ।

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবিকৃতি
সম্পর্কে আলোচনা করো ।
